দৈনিক বাংলা

১০

তারিখ 14 JUL 1988
পৃষ্ঠা ... ৫ কলাম 3

## ৮৭ সালের ডিগ্রি পরীক্ষা

১৯৮৭ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা বিভিন্ন কারণে ১৫ই অক্টোবর থেকে আরম্ভ হয়ে ১৯৮৮ সালের মার্চ মাসে সমাপ্ত হয়। ইতিমধ্যে ১৯৮৭ সালের ফলাফল ঘোষণা করার জন্য বিভিন্ন পত্রিকায় বহু লেখালেখি হয়েছে। কিন্তু কর্তৃপক্ষের তরফ থেকে এখনও পর্যন্ত এব্যাপারে কোন সাড়া পাওয়া যাচ্ছে না। বিলম্বে ডিগ্রী পরীক্ষার ফলা ফল ঘোষিত হওয়া এক দিকে সেশনজটের সৃষ্টি হচ্ছে অন্য দিকে ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। এই দিকে ১৯৮৮ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষার তারিখ কর্তৃপক্ষ ১৫ই সেপ্টেম্বর ঘোষণা করেছেন এবং ফরম পূরনের তারিখ ও প্রায় শেষ হয়ে গেছে। তাই অবিলম্বে ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষার ফল প্রকাশ করে ছাত্রছাত্রীদের হতাশা মুক্ত করা হবে এবং এই সাথে অকৃতকার্য ছাত্রছাত্রীদের ১৯৮৮ সালের ডিগ্রী পাস ও সাবসিডি-য়ারী পরীক্ষা দেয়ার সুযোগ দেওয়া হবে কর্তৃপক্ষের কাছে এটাই আমাদের প্রার্থনা।

—তুহিন, কবির, শরিফ রিয়াজ
ওপিউবিএসসি সাবসিডিয়ারী
তিতুমীর কলেজ গুলশান, ঢাকা।

001